দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 SEP 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৬

# নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের নিয়োগের দাবিতে মানববন্ধন

■ ইত্তেফাক ডেস্ক

১৩তম বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের নিয়োগের দাবিতে গতকাল মঙ্গলবার বিভিন্ন স্থানে মানববন্ধনসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

**যশোর অফিস:** ১৩তম বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের নিয়োগের দাবিতে যশোরে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। মঙ্গলবার বেলা ১১টার দিকে শহরের মুজিব সড়কে প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচিতে নিবন্ধন পরীক্ষা উত্তীর্ণরা অংশ নেন। মানববন্ধন কর্মসূচি চলাকালে বক্তব্য রাখেন ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় পাস চাকরি প্রার্থী যশোর জেলা কমিটির আহ্বায়ক মোস্তাফিজুর রহমান, যুগ্ম আহ্বায়ক উদয় মল্লিক, সুলতানা সাথী প্রমুখ।

বক্তারা বলেন, পরিপত্র ও গেজেট বাস্তবায়নে ১৩তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের দ্রুত এককভাবে নিয়োগ দিতে হবে। শিক্ষক নিয়োগে প্রতিষ্ঠানের সভাপতি কিংবা প্রধানের হস্তক্ষেপ বন্ধ করতে হবে। ১৩তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণরা পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) আদলে প্রিলিমিনারী, লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে পাস করেছে। এজন্য ১৩তম উত্তীর্ণদের অগ্রাধিকারের ভিত্তিতে নিয়োগ দেওয়া উচিত। পদ শূন্য আসনের বিপরীতে ১৩তম উত্তীর্ণদের তালিকা প্রকাশ করা হয়েছে। ফলে পরিপত্র ও গেজেটে বাস্তবায়নে আমরা দাবিদার।

**নেত্রকোনা:** ১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে দ্রুত একক নিয়োগের দাবিসহ ৪ দফা বাস্তবায়নের দাবিতে নেত্রকোনা জেলা প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা। মানববন্ধন চলাকালে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে দ্রুত একক নিয়োগের দাবিসহ চার দফা বাস্তবায়নের দাবি জানিয়ে বক্তব্য রাখেন নেত্রকোনা জেলা কমিটির আহ্বায়ক হানিফ খান, যুগ্ম আহ্বায়ক মো. সুজাত মিয়া, ফারুকুর রহমান, শহীদুল আলম মামুন ও মো. জুয়েল রানা প্রমুখ। পরে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা জেলা প্রশাসক বরাবরে স্মারকলিপি প্রদান করেন।

**মাদারীপুর:** ১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার পরিপত্র ও গেজেট অবিলম্বে বাস্তবায়নের দাবিতে এক মানববন্ধন কর্মসূচি পালিত হয়। মাদারীপুর প্রেসক্লাব সংলগ্ন সড়কে ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ মানববন্ধন কর্মসূচি পালন করে। এ সময় বক্তব্য রাখেন নাসিমা বিনতে মহসীন, আসাদুজ্জামান, নীলা আক্তার, পলাশ ঘোষ প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর